# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

www.dinajpureducationboard.gov.bdemail: dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোদি/বিনি/৬ষ্ঠ শ্রেণি/২০২৬/৩২৫(৪১০০) তারিখঃ ০৯/০২/২০২৬ খ্রিঃ

**বিষয়ঃ ২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে নিম্ন বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। জেএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালার ১(খ) ধারা অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারি (৬ষ্ঠ শ্রেণীতে ভর্তির বছরে) শিক্ষার্থীর নূন্যতম বয়স ৯+ বছর এবং সর্বোচ্চ বয়স ১৫ বছর ; তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০বছর।

২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে।

৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রশন করা যাবে। **কোন অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে না।**

৪। নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্ধারিত ফি "সোনালী ই-সেবার" মাধ্যমে পরিশোধ করতে হবে।

৫। "সোনালী ই- সেবা ক্রয়ের নিয়মাবলী ঃ- ক)

sonali-e-sheba.dinajpurboard.gov.bd ভিজিট করে sonali-e-sheba option-এ গিয়ে (**প্রয়োজনীয় নির্দেশনা মোতাবেক ফি** payment **করতে হবে।**) Examination-Class Six, type of payment-এ class six e-sif-2026 select করে student সংখ্যা দিয়ে payment করতে হবে। payment সম্পন্ন হলে রশিদ সংগ্রহ করতে হবে। **sonali-e- sheba ব্যতিত অন্য কোন মাধ্যমে ফি পরিশোধ করলে class six-2026-এর নিবন্ধন করা যাবে না এবং পরিশোধিত ফি গ্রহণ যোগ্য হবে না।**

**খ)** www.dinajpurboard.gov.bd অথবা www.dinajpureducationboard.gov.bd থেকে class six e-sif 2026 button এ ক্লিক করে Eiin No ও password দিয়ে Log in করে Student button এ ক্লিক করতে হবে অতঃপর Add New Button এ ক্লিক করে Student এর সকল তথ্য প্রদান করে Save করতে হবে। এভাবে প্রতষ্ঠানের সকল ছাত্র/ছাত্রীর তথ্য প্রদান শেষে হার্ডকপি সংরক্ষণ করতে হবে।

**পেমেন্ট ক্লিয়ার করার সাথে সাথে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে। পেমেন্ট ক্লিয়ারের পরে নির্ধারিত তারিখের মধ্যে পুনরায় সোনালী ই-সেবার পেমেন্ট করে বাদ পড়া ছাত্রদের রেজিষ্ট্রেশন করা যাবে।**

৬। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০) = ৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে ৬ষ্ঠ শ্রেণীতে প্রতি শিক্ষার্থীর নিকট হতে ২০ টাকা গ্রহণ করে এর ৬০ শতাংশ অর্থাৎ ১২(বার) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ০৮/ (আট) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

৭। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর চুড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি ফরম ও জন্ম সনদের সাথে মিলিয়ে যথাযথভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হবার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিয়ুক্ত করা যাবে না।

**শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটি'র সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।**

৮। ফি জমাদান ও eSIF পূরণের তারিখঃ ১০/০২/২০২৬ খ্রিঃ তারিখ হতে ২৫/০২/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত।

**শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপঃ-**

| রেজিঃ ফি | স্কাউট ফি | গার্ল গাইডস্ ফি | রেডক্রিসেন্ট ফি | বিলম্ব ফি | বিলম্ব ফি ব্যতিত | বিলম্ব ফি সহ |
|---|---|---|---|---|---|---|
| ৫০/- | ২৫/- | ১৫/- | ৮/- | ৫০/- | ৯৮/- | ১৪৮/- |

৯। অনলাইনে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেয়ার সময় ভর্তির রেজিষ্টার অনুযায়ী অবশ্যই তার জন্ম নিবন্ধন নম্বর ও অভিভাবকের সচল মোবাইল নম্বর ইনপুট দিতে হবে। একটি মোবাইল নম্বর ব্যবহার করে কেবলমাত্র একজন শিক্ষার্থীরই রেজিষ্ট্রেশন করা যাবে। জন্ম নিবন্ধন নম্বর ব্যতীত রেজিষ্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

১০। ৬ষ্ঠ শ্রেণির রেজিষ্ট্রেশন ব্যতিত কোন শিক্ষার্থীর পরবর্তী শ্রেণিতে (৮ম) রেজিষ্ট্রেশনের সুযোগ থাকবে না।

১১। শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্নের পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চুড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

১২। নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় যে সকল প্রতিষ্ঠান ইতোপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকের সোনালী-ই-সেবার মাধ্যমে ২০০০/- (দুই হাজার) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে (Login Passwoard) সংগ্রহ করতে হবে।

১৩। (ক) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী হলে তাঁদের মুলসনদ অনুযায়ী নাম এন্ট্রি করতে হবে।

(খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।

(গ) শিক্ষার্থীর নামের পূর্বে জনাব/জনাবা/Mr/Mrs/Miss/Mrs/Advocate/Hazi/Al Haj/Engr/Late/Major/Colonel/Brigadier/Dr/Prof. ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA/MCom/MSc/BA/BCom/BSc/BSS/FRCS/PHD/FCPS/Master ইত্যাদি ধরনের শিক্ষাগত যোগ্যতাসূচক শব্দ ব্যবহার করা যাবে না।

(ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হাল নাগাদ থাকতে হবে।

১৪। বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষর্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা একারণে শিক্ষার্থীর কোন সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১৫। স্বীকৃতি বিহীন/হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরনের কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে পরবর্তীতে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে **"বিশেষ চাহিদাসম্পন্ন কি না"** তা উল্লেখ করতে হবে এবং প্রমান স্বরূপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

১৭। প্রত্যেক শিক্ষার্থীর জন্য নিবন্ধন নম্বর নিশ্চিত হয়ে এন্ট্রি করতে হবে।

১৮। যে সকল স্কুল এবং স্কুল ও কলেজ- এর নিম্ন মাধ্যমিক পর্যায়ে হালনাগাদ পাঠদান/একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্ত্বর পাঠদান/একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ বৃদ্ধির আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৭/০২/২৪

**(প্রফেসর মোঃ আমিনুল হক)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

০৭/০২/২০২৪

প্রাপক,
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন পাঠদান/স্বীকৃতি প্রাপ্ত নিম্ন-মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়।

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল।

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, দিনাজপুর শিক্ষা বোর্ড কম্পিউটার সেন্টার, রাজশাহী শিক্ষা বোর্ড, রাজশাহী।
৪। হিসাব রক্ষণ অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৫। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৬। আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৭। অফিস কপি।